

ত্রাণ ও পুনর্বাসন সারচার্জ আইন, ১৯৮৮

(১৯৮৮ সনের ১ নং আইন)

বন্যাজনিত কারণে অতিরিক্ত ব্যয় নির্বাহের জন্য ও বন্যাগ্তোর পুনর্বাসন কর্মসূচী বাস্তম্বায়নের প্রয়োজনে অতিরিক্ত রাজস্ব সংগ্রহকল্পে প্রণীত আইন।

যেহেতু বন্যাজনিত কারণে অতিরিক্ত ব্যয় নির্বাহের জন্য ও বন্যাগ্তোর পুনর্বাসন কর্মসূচী বাস্তম্বায়নের প্রয়োজনে অতিরিক্ত রাজস্ব সংগ্রহকল্পে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

সংক্ষিপ্ত
শিরোনামা ও
প্রবর্তন

১। (১) এই আইন ত্রাণ ও পুনর্বাসন সারচার্জ [* * *] আইন, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা ৩রা আশ্বিন, ১৩৯৪ বাং মোতাবেক ২০শে সেপ্টেম্বর, ১৯৮৭ ইং তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

ত্রাণ ও
পুনর্বাসন
সারচার্জ [*
* *] আরোপ

২। আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন,-

(ক) প্রথম তফসিলে উল্লিখিত বিষয়সমূহের উপর উহাদের প্রত্যেকটির বিপরীতে উল্লিখিত হারে ত্রাণ ও পুনর্বাসন সারচার্জ [* * *]

[* * *]

ত্রাণ ও
পুনর্বাসন
সারচার্জ [*
* *] আদায়

৩। সরকার কর্তৃক, সরকারী গেজেটে বিজ্ঞপ্তি দ্বারা, প্রণীত বিধি অনুসারে এই আইনের অধীন ত্রাণ ও পুনর্বাসন সারচার্জ [* * *] আদায় করা যাইবে।

রহিতকরণ
ও হেফাজত

৪। (১) ত্রাণ ও পুনর্বাসন সারচার্জ ও লেভী অধ্যাদেশ ১৯৮৭ (অধ্যাদেশ নং ১৪, ১৯৮৭) এতদ্বারা রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত অধ্যাদেশ এর অধীন কৃত কোন কাজকর্ম বা গৃহীত কোন ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত বলিয়া গণ্য হইবে।